গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের জন্য মতবিনিময় সভার কার্যবিবরণী**

সভাপতি : আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
তারিখ : ১৯.০২.২০২৩
সময় : সকাল ১১:০০
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী

সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান এবং এ জেলায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জাতীয় শুদ্ধাচার চর্চার মাধ্যমে নাগরিকদের মধ্যে সুশাসন, নৈতিকতা, দেশপ্রেম ও ন্যায়বোধ জাগ্রতকরণ এবং সুশীল সমাজ গঠনের উপর তাৎপর্য তুলে ধরা হয়। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | সভায় সকল দপ্তরে নৈতিকতা কমিটি গঠনপূর্বক ওয়েবপোর্টালে এ সংক্রান্ত তথ্য আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে জানতে চাওয়া হলে প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জানান যে, কিছু কিছু অফিসের ওয়েবপোর্টালে হালনাগাদ তথ্য না থাকায় তাদেরকে বিষয়টি অবহিত করা হয়েছে। বেশিরভাগ দপ্তরের ওয়েবপোর্টালে নৈতিকতা কমিটির তথ্য আপলোড করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। | জেলা পর্যায়ের দপ্তরসমূহকে নৈতিকতা কমিটি গঠনপূর্বক সংশ্লিষ্ট ওয়েব পোর্টালে আপলোড করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তরপ্রধানগণ ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী |
| ০২ | বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এর ১৬/১১/২০২২ তারিখের ০৫.৪১.৩০০০.০১১.১৩.০০২.১৭.৪৯২ নং স্মারকমূলে এবং মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক বিভাগীয় কমিশনার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন) এবং পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা কর্তৃক প্রকল্প পরিদর্শনের সময় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে এবং জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রকল্প পরিদর্শনকালীন জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে এবং জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে সভা আয়োজন করতে হবে। | দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজবাড়ী |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া প্রতিটি দপ্তরে জনগণের দ্রুত ও সহজ সেবাপ্রাপ্তি নিশ্চিত করতে সেবাপ্রার্থীদের মধ্যে সেবাপ্রদান সংক্রান্ত সন্তুষ্টি যাচাইয়ের জন্য মন্তব্য রেজিস্টার সংরক্ষণের বিষয়ে আলোচনা হয় এবং ইতোমধ্যে যেসকল দপ্তর মন্তব্য রেজিস্টার সংরক্ষণ করছে, তাদেরকে ধন্যবাদ জানানো হয়। | ১। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>২। সেবাপ্রাপ্তির সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে সেবাপ্রার্থীদের জন্য মন্তব্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে। | দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজবাড়ী |
| ০৪ | জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার ও জনঅবহিতকরণের জন্য উপজেলা কমিটির সভা আয়োজন এবং জনজীবনে শুদ্ধাচার চর্চার গুরুত্ব সম্পর্কে আলোকপাত করা হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করবেন এবং এ কার্যালয়কে যথাসময়ে অবহিত করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজবাড়ী |
| ০৫ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী সকল সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা শুদ্ধাচার চর্চায় এগিয়ে আছে, তাদেরকে স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করেন। ইতোমধ্যে যেসকল দপ্তর শুদ্ধাচার চর্চার জন্য কর্মচারীদের পুরস্কৃত করেছে, তাদেরকে ধন্যবাদ জানান। অতঃপর পুরস্কার প্রদানের মাধ্যমে শুদ্ধাচার চর্চাকে আরও বেগবান করার উপর গুরুত্বারোপ করা হয়। | ১। শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান চলমান রাখতে হবে।<br>২। সকল দপ্তরকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের মাধ্যমে শুদ্ধাচার চর্চাকে আরও বেগবান করতে হবে। | জেলা প্রশাসন, রাজবাড়ী<br>ও<br>দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী |
| ০৬ | দুর্নীতি প্রতিরোধে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি দপ্তরে অভিযোগ বক্স স্থাপন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) নিয়ে সংশ্লিষ্টদের আরও আন্তরিকতা ও গুরুত্ব দিয়ে কাজ করতে হবে। | দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী |
| ০৭ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জাতীয় শুদ্ধাচার কৌশলের অংশ হিসেবে নাগরিকদের মধ্যে সুশাসন, শুদ্ধাচার, নৈতিকতা, দেশপ্রেম ও ন্যায়বোধ জাগ্রতকরণ এবং সুশীল সমাজ গঠনে শুদ্ধাচার চর্চার উপর তাৎপর্য তুলে ধরা হয়। | ১। সকলের মধ্যে সুশাসন, শুদ্ধাচার নৈতিকতা, দেশপ্রেম ও ন্যায়বোধ জাগ্রতকরণে বিশেষ কর্মসূচি গ্রহণসহ সমাজে ন্যায় ও সততা প্রতিষ্ঠায় সচেষ্ট হতে হবে।<br>২। শুদ্ধাচার চর্চায় সকল দপ্তরপ্রধানগণ নিজ নিজ দপ্তরে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণে মোটিভেশনাল কর্মসূচিসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবেন । | দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোনঃ-০২৪৮৮৭০৭৫৩৩

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.০৬.১০৯.২১. ৮৩(২)(৭০)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯
২৬ ফেব্রুয়ারি ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

৪। ..................................................................

৫। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/ পাংশা/ বালিয়াকান্দি/ গোয়ালন্দ/ কালুখালী, রাজবাড়ী

৬। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/ পাংশা/ বালিয়াকান্দি/ গোয়ালন্দ/ কালুখালী, রাজবাড়ী

৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী
(কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)

৮। অফিস কপি

২৬/২/২৩

জেলা প্রশাসক
রাজবাড়ী